

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ঢেলমুরিং, চট্টগ্রাম- ৮১০০

প্রচার পত্র নং- ৭৯/২০১৮

তারিখঃ ১১/১১/২০১৮খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ স্মারক নং-এস-৪/১৩৩/প্রশাসন/অফিস আদেশ/২০১০/১৬৯০৩-কাস তারিখঃ ০৪/১১/১৮খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ

বিষয়ঃ কায়িক পরীক্ষণ প্রতিবেদন স্পষ্টীকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ০২। রাজস্ব বুঁকি রোধ করে পণ্যের সঠিক শুল্কায়ন নিশ্চিত করার লক্ষ্যে Risk Management এর আওতায় কিছু কিছু পণ্যের চালান কায়িক পরীক্ষায় শুল্কায়ন করা হয়। কায়িক পরীক্ষায় প্রাপ্ত তথ্যসমূহ পরীক্ষণকারী কর্মকর্তাগণ কর্তৃক অনলাইনে প্রেরণ করা হয়ে থাকে। সম্পূর্ণ এবং সুস্পষ্ট কায়িক পরীক্ষার প্রতিবেদন শুধুমাত্র রাজস্ব বুঁকি রোধ করে সঠিক শুল্কায়ন-ই নিশ্চিত করে না, উপরন্ত ভবিষ্যতের মূল্যতথ্য ভান্ডারকেও শক্তিশালী করে। সম্মানিত আমদানিকারকগণকে দ্রুত সেবা প্রদান তথা মিথ্যা ঘোষণা রোধ করে রাজস্ব আদায় কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে কায়িক পরীক্ষণকারী কর্মকর্তাদের নিম্নোক্ত পদ্ধতি মোতাবেক কায়িক পরীক্ষার প্রতিবেদন অনলাইনে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ
- (ক) কায়িক পরীক্ষার প্রতিবেদনে অবশ্যই পণ্যসমূহের নাম, কান্টি অব অরিজিন, পরিমাণ, সংখ্যা ইত্যাদি এবং প্রযোজ্য ক্ষেত্রে পণ্যের ক্যাটাগরি/ধরন ভেদে পণ্যের নাম, পরিমাণ, সংখ্যা, মডেল/গ্রেড, ক্ষেত্রমতে ব্রান্ড নাম, আর্ট নম্বর/পার্ট নম্বর, সাইজ/আকার-আকৃতি, Thickness/Width এবং অন্যান্য তথ্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- (খ) পরীক্ষাকারী কর্মকর্তাগণ প্রচলিত বিধিবিধান অনুসরণ করে সতর্কতার সাথে প্রত্যেকটি আইটেম/প্রকারের নমুনা প্রেরণ করবেন। ব্যাগে আবদ্ধকৃত যে সকল নমুনার আকার-আকৃতিগত কারণে নমুনার গায়ে স্বাক্ষর করা সম্ভব নয় এবং ব্যতীত প্রত্যেকটি নমুনা (ব্যাগে আবদ্ধকৃত হউক না হউক) বি/ই নম্বর উল্লেখসহ স্বাক্ষরিত হতে হবে। পণ্যের আকার-আকৃতি বা গ্রহণযোগ্য কোনো কারণে পণ্যের নমুনা প্রেরণ করা সম্ভব না হলে সেক্ষেত্রে স্বাক্ষরিত ও স্পষ্ট Colored Image/ ক্যাটালগ বি/ই নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে।
- (গ) “Goods are found Similar as per Invoice and Packing List” অথবা ”Assesment can be done in view of sample” সাধারণভাবে কোন যৌক্তিকতা ছাড়া এ ধরনের মন্তব্য এবং অনিয়মের ক্ষেত্র ব্যতীত পণ্যের H.S.Code বা Value এর বিষয়ে মতামত প্রদান অপ্রয়োজনীয়। সংশ্লিষ্ট শুল্কায়ন শাখাসমূহ আইন ও বিধি অনুযায়ী নমুনা ও কায়িক পরীক্ষার প্রতিবেদন দৃষ্টে আমদানি দলিলাদি ও ঘোষণা পর্যালোচনায় যথাযথ শুল্কায়ন নিশ্চিত করবেন।
- (ঘ) যদি কোন ক্ষেত্রে জেটি কর্মকর্তাগণ কর্তৃক ওজন/পরিমাণ নিশ্চিত করা সম্ভব না হয় সেক্ষেত্রে খালাস পর্যায়ে ওজন পরিমাপের প্রয়োজনীয়তা থেকে থাকলে তা প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (ঙ) কোনো প্রতিবেদনে “মনে হয়/মনে হচ্ছে/হতে পারে/যে কোন একটি” এ ধরনের অস্পষ্ট বক্তব্য প্রদান শুল্কায়নে জটিলতা সৃষ্টি করে। কোনো থেকে অস্পষ্টতা থেকে থাকলে দ্রুত জেটি উর্ধ্বর্তন কর্মকর্তার (অতিরিক্ত কমিশনার/জয়েন্ট কমিশনার) মতামতক্রমে প্রতিবেদন প্রেরণ করা যেতে পারে। তদুপরি এক্ষেত্রেও অস্পষ্টতা থেকে থাকলে তার কারণ উল্লেখপূর্বক মতামত সম্বলিত প্রতিবেদনটি প্রেরণ করা যেতে পারে।

০৩। এ দপ্তরের নথি নং-এস-২-১৩/বিবিধ/সেকশন-৪/২০১৮-২০১৯/১১৬৮৯; তারিখঃ ০১/১১/২০১৮ এর মাধ্যমে জারীকৃত আদেশ বাতিলক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাঃ/-

(ড.এ কে এম নুরুজ্জামান)
কমিশনার অব কাস্টমস্
কাস্টম হাউস, চট্টগ্রাম।
ফোন নং-০৩১-৭১৩৯১৮
তারিখঃ ০৪/১১/১৮খ্রি: